গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ

এবং

সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

## সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........................................................................................................ ৩

প্রস্তাবনা ........................................................................................................................................ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ............................. ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........................................................ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........................................................................................................ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ................................................................................................ ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........................................................................................ ১৩

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ............................................................................ ১৪

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ............................................... ১৫

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

২০২০-২১ অর্থবছর থেকে ২০২২-২৩ অর্থবছর পর্যন্ত মোট ৩ বছরে বাংলাদেশ ফিল্ম আর্কাইভে ৬৫৭টি চলচ্চিত্র (ফিল্ম ফরমেট ও ডিজিটাল ফরমেটে), ১১০৪টি চলচ্চিত্র বিষয়ক বই, ২৬৮টি ফটোসেট/চিত্রনাট্য/স্থিরচিত্র, ১৪৩টি চলচ্চিত্রের পোস্টার, ৮৬টি সাময়িকী ও অন্যান্য সামগ্রী সংগ্রহ; ২৭টি গবেষণাকর্ম সম্পাদন, ৩৩টি সেমিনার বাস্তবায়ন, ১৮টি বই মুদ্রণ এবং ০৩টি জার্নাল প্রকাশ করা হয়েছে। উক্ত তিন অর্থবছরে ২৪০টি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র/স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র/তথ্যচিত্র/ প্রামাণ্যচিত্র/সংবাদচিত্র/নিউজরিল ডিজিটাল পদ্ধতিতে রূপান্তর করা হয়েছে এবং ১৫ জন বিশিষ্ট/চলচ্চিত্র ব্যক্তিত্বের সাক্ষাৎকার/জীবনীভিত্তিক ডকুমেন্টরী তৈরি করা হয়েছে। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ মহান মুক্তিযুদ্ধের অডিও ভিডিও দলিলাদি ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর কর্মময় জীবনের অডিও ভিজুয়াল দলিলাদি সংগ্রহ, সংরক্ষণ ও ডিজিটাল ফরমেটে রূপান্তর কার্যক্রম নিশ্চিত করেছে। একই সাথে মুজিব শতবর্ষ এবং মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী পালন উপলক্ষ্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর চাহিদাকৃত অডিও ভিডিও দলিলাদি বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর, দপ্তর, সংস্থাকে সরবরাহ করা হয়েছে যা সারা দেশব্যাপী প্রদর্শন করা হয়েছে এবং হচ্ছে। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ "দেশী ও বিদেশী উৎস থেকে মুক্তিযুদ্ধের অডিও ভিজ্যুয়াল দলিল সংগ্রহ ও সংরক্ষণ এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সক্ষমতা বৃদ্ধি" শীর্ষক একটি উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করছে। প্রকল্পটির বাস্তবায়নকাল জুলাই ২০২১ হতে জুন ২০২৪ এবং এর প্রাক্কলিত ব্যয় ধরা হয়েছে প্রায় ৬৩.০০ কোটি টাকা।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

বর্তমানে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রধান সমস্যা হচ্ছে জনবল সংকট। তাছাড়া, পরিবর্তনশীল বিশ্বের সাথে তাল মিলিয়ে চলচ্চিত্র সংশ্লিষ্ট দক্ষ ও কার্যকর মানবসম্পদ উন্নয়ন আরেকটি বড় চ্যালেঞ্জ। এছাড়া, চলচ্চিত্র সংশ্লিষ্ট নিয়মিত গবেষণা পরিচালনা, জার্নাল ও পুস্তক প্রকাশের মাধ্যমে প্রয়োজনীয় তথ্যাবলী চলচ্চিত্র সংশ্লিষ্টদের অবহিত করার বিষয়টিও বাংলাদেশ ফিল্ম আর্কাইভের এক ধরনের চ্যালেঞ্জ। ফিল্ম মিউজিয়াম-এর উন্নয়ন এবং ডিজিটাল পদ্ধতিতে চলচ্চিত্র স্থানান্তর ও সংরক্ষনের সংখ্যা বৃদ্ধিকরণও একটি চ্যালেঞ্জ। ফিয়াফ কংগ্রেসের ২০২৬ সালের সভা বাংলাদেশে আয়োজনও একটি বড় চ্যালেঞ্জ হিসেবে বিবেচনা করা হচ্ছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

বাংলাদেশ ফিল্ম আর্কাইভের নবনির্মিত ভবনে প্রতিষ্ঠানটিকে একটি বিশ্বমানের ফিল্ম আর্কাইভে উন্নীতকরণ। এজন্য ফিল্ম হসপিটালের মানোন্নয়ন করে আন্তর্জাতিক মানসম্পন্ন করে তোলা। স্থাপিত ফিল্ম ভল্টের পাশাপাশি বিশ্বমানের আরো ০২টি ফিল্ম ভল্ট স্থাপন এবং বিদ্যমান ফিল্ম ভল্টের সুষ্ঠু রক্ষণাবেক্ষণ ও মানোন্নয়ন। চলচ্চিত্র সংক্রান্ত গবেষণার ক্ষেত্র বিস্তৃতিকরণ ও গবেষণার মানোন্নয়ন। চলচ্চিত্রের সংগ্রহ বৃদ্ধি ও ডিজিটাল পদ্ধতিতে চলচ্চিত্র স্থানান্তর ও সংরক্ষণের মাধ্যমে বাংলাদেশ ফিল্ম আর্কাইভে দেশের বৃহত্তম ডিজিটাল ফিল্ম লাইব্রেরি (সংগ্রহশালা) গড়ে তোলা। এ লক্ষ্যে কারিগরী সক্ষমতা বৃদ্ধির জন্য বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কর্মকর্তা-কর্মচারীদের দেশে-বিদেশে অধিকতর প্রশিক্ষণ এবং দেশ বিদেশে ছড়িয়ে ছিটিয়ে থাকা মহান মুক্তিযুদ্ধের অডিও-ভিডিও ফুটেজ, মহান মুক্তিযুদ্ধের দলিলপত্রাদি সংগ্রহ করে বাংলাদেশ ফিল্ম আর্কাইভে সংরক্ষণের মাধ্যমে মুক্তিযুদ্ধের ইতিহাস বিকৃতি রোধ করা।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- (১) ফিল্ম আর্কাইভিং বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হবে ০৮টি; (২) চলচ্চিত্র ও আর্কাইভিং বিষয়ক লাইব্রেরি সেবা প্রদান করা হবে ৬০০ জনকে; (৩) দেশী-বিদেশী উৎস থেকে চলচ্চিত্র সংগ্রহ ও সংরক্ষণ করা হবে ২২০টি; (৪) ফিল্ম আর্কাইভের লাইব্রেরিতে বই, সাময়িকী, ফটোসেট, স্ক্রীপ্ট, পোস্টার ইত্যাদি সংগ্রহ করা হবে মোট ৪০০টি; (৫) চলচ্চিত্র ও আর্কাইভিং বিষয়ক জার্নাল-০১টি ও গ্রন্থ প্রকাশ ০৫টি; (৬) চলচ্চিত্র প্রদর্শনীর আয়োজন করা হবে ৮০টি; (৭) এনালগ থেকে ডিজিটাল ফরমেটে রূপান্তর করা হবে ৮০টি ভিজ্যুয়াল ডকুমেন্টকে; (৮) বিশিষ্ট/চলচ্চিত্র ব্যক্তিত্বদের সাক্ষাৎকার/জীবনীভিত্তিক ডকুমেন্ট তৈরি করা হবে ০৫টি; (৯) ফিল্ম আর্কাইভিং বিষয়ক গবেষণাকর্ম সম্পাদন করা হবে ০৮টি।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ

এবং

সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়-এর মধ্যে ২০২৩ সালের ................ মাসের ................ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত রূপকল্প-২০২১ এবং উন্নয়ন অভিলক্ষ্য-২০৪১ এর সাথে সমন্বয় করে বাংলাদেশ ফিল্ম আর্কাইভে চলচ্চিত্র ও চলচ্চিত্র সংশ্লিষ্ট ঐতিহ্য সংগ্রহ ও সংরক্ষণ পুরো প্রক্রিয়াকে ডিজিটাইজেশন করা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

বাংলাদেশ ফিল্ম আর্কাইভে চলচ্চিত্র কেন্দ্রীক জাতীয় ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতির লালন, বিকাশ ও ভবিষ্যত প্রজন্মের জন্য সংরক্ষণের পাশাপাশি এই প্রতিষ্ঠানকে ক্রমান্বয়ে চলচ্চিত্র বিষয়ক লেখাপড়া, গবেষণা ও চলচ্চিত্র চর্চার কেন্দ্রভূমিতে পরিণত করা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. জাতীয় ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতির লালন, বিকাশ এবং সংরক্ষণ;

২. চলচ্চিত্র ও টেলিভিশনকর্মী, গবেষক ও চলচ্চিত্র বিষয়ক ছাত্রদের জন্য সেমিনার ও ওয়ার্কশপ আয়োজন ও এতদসংশ্লিষ্ট সেবা প্রদান;

৩. চলচ্চিত্র বিষয়ক গবেষণা ও গ্রন্থপ্রকাশ।

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. ১।সংরক্ষণের উদ্দেশ্যে দেশীয় ও আন্তর্জাতিক উৎস থেকে চলচ্চিত্র সংগ্রহ করা। ২. দুস্প্রাপ্য ও ধ্রুপদী চলচ্চিত্র মুদ্রণ, ক্রয় ও বিনিময়ের মাধ্যমে সংগ্রহ ও সংরক্ষণ করা। ৩. সংগৃহীত চলচ্চিত্র ফিল্ম ভল্টে নিয়ন্ত্রিত তাপমাত্রায় রক্ষণাবেক্ষণ করা। ৪. চলচ্চিত্রের দীর্ঘকালীন সংরক্ষণ, শিক্ষা ও গবেষণা কার্যক্রম আয়োজন করা। ৫. সংরক্ষণের জন্য চলচ্চিত্র সংক্রান্ত গ্রন্থ, সাময়িকী, প্রকাশনা, গানের বই, পোস্টার, প্রচারপত্র, স্থিরচিত্র, পান্ডুলিপি ও আনুষঙ্গিক দ্রব্যাদি সংগ্রহ করা। ৬. আর্কাইভের সংগ্রহ থেকে নিয়মিত চলচ্চিত্র প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা। ৭. চলচ্চিত্র সংক্রান্ত বিষয়ে লাইব্রেরিতে পড়াশুনার সুযোগ সম্প্রসারণ করা। ৮. চলচ্চিত্রের ওপর সেমিনার, সিম্পোজিয়াম, ওয়ার্কশপ, সভা ইত্যাদির আয়োজন করা। ৯. চলচ্চিত্র সংক্রান্ত বিষয়ে গবেষণা প্রকাশনার ব্যবস্থা করা। ১০. চলচ্চিত্র ব্যক্তিত্বদের নিয়ে ডকুমেন্টেশন তৈরী করা। ১১. চলচ্চিত্রের ইতিহাস ও ঐতিহ্য জানার জন্য ফিল্ম মিউজিয়াম সম্প্রসারণ করা। ১২. চলচ্চিত্র বিষয়ক ফিল্ম অ্যাপ্রিসিয়েশন কোর্স চালু করা। ১৩. সকল চলচ্চিত্রকে দীর্ঘমেয়াদি সংরক্ষণের উদ্দেশ্যে ডিজিটাইজেশন করা। ১৪. বাংলাদেশের চলচ্চিত্র বিষয়ক ইতিহাস ও ঐতিহ্য সংরক্ষণ এবং প্রদর্শনের ব্যবস্থা করা। ১৫. বাংলাদেশ ফিল্ম আর্কাইভকে চলচ্চিত্র সংস্কৃতির মিলনকেন্দ্র হিসেবে গড়ে তোলার ব্যবস্থা করা।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| দেশের চলচ্চিত্র ও চলচ্চিত্র বিষয়ক সাংস্কৃতিক ঐতিহ্য সংগ্রহ ও সংরক্ষণ | চলচ্চিত্র সংগ্রহ ও সংরক্ষণ | সংখ্যা | ৩২৬ | ২২০ | ২২০ | ২২০ | ২২০ | | দপ্তরের মাসিক ও বার্ষিক প্রতিবেদন |
| চলচ্চিত্র বিষয়ক নতুন তথ্য ও উপাত্তের সন্নিবেশ | গবেষণাকর্ম | সংখ্যা | ০৯ | ৮ | ০৮ | ০৮ | ০৮ | | দপ্তরের মাসিক ও বার্ষিক প্রতিবেদন |
| আগ্রহী ব্যক্তিবর্গের নিকট সেবা সম্প্রসারণ ও উন্মুক্তকরণ | চলচ্চিত্র প্রদর্শনী | সংখ্যা | ২৯২ | ৮১ | ৮০ | ৮০ | ৮০ | | দপ্তরের মাসিক ও বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] জাতীয় ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতির লালন, বিকাশ এবং সংরক্ষণ; | ৩৫ | [১.১] চলচ্চিত্র সংগ্রহ ও সংরক্ষণ | [১.১.১] চলচ্চিত্র সংরক্ষণ | সমষ্টি | সংখ্যা | ২০ | ৩২৮ | ১১৯ | ২২০ | ১৯৮ | ১৬০ | ১৪০ | ১২০ | ২২০ | ২২০ |
| | | [১.২] চলচ্চিত্র প্রদর্শনী | [১.২.১] চলচ্চিত্র প্রদর্শনী | সমষ্টি | সংখ্যা | ৫ | ১২০ | ২৭৬ | ৮০ | ৭২ | ৬৪ | ৫৬ | ৪৮ | ৮০ | ৮০ |
| | | [১.৩] এনালগ ফরমেটের চলচ্চিত্র থেকে ডিজিটাল ফরমেটে রূপান্তর | [১.৩.১] এনালগ ফরমেটের চলচ্চিত্র থেকে ডিজিটাল ফরমেটে রূপান্তর | সমষ্টি | সংখ্যা | ৫ | ৮০ | ৭১ | ৮০ | ৭২ | ৬৪ | ৫৬ | ৪৮ | ৮০ | ৮০ |
| | | [১.৪] বিশিষ্ট/চলচ্চিত্র ব্যক্তিত্বদের সাক্ষাৎকার/জীবনী ভিত্তিক ডকুমেন্টেশন তৈরি | [১.৪.১] বিশিষ্ট/চলচ্চিত্র ব্যক্তিত্বদের সাক্ষাৎকার/জীবনী ভিত্তিক ডকুমেন্টেশন তৈরি | সমষ্টি | সংখ্যা | ৫ | ৬ | ৫ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৫ | ৫ |
| [২] চলচ্চিত্র ও টেলিভিশনকর্মী, গবেষক ও চলচ্চিত্র বিষয়ক ছাত্রদের জন্য সেমিনার ও ওয়ার্কশপ আয়োজন ও এতদসংশ্লিষ্ট সেবা প্রদান; | ২০ | [২.১] ফিল্ম আর্কাইভের লাইব্রেরি সমৃদ্ধকরণ (গ্রন্থ-৩৫০, সাময়িকী-২০, পোস্টার-২০, ফটোসেট/স্ক্রিপ্ট-২০) | [২.১.১] ফিল্ম আর্কাইভের লাইব্রেরি সমৃদ্ধকরণ | সমষ্টি | সংখ্যা | ৫ | ৪০০ | ৬৭৪ | ৪১০ | ৩৬৯ | ৩২৮ | ২৮৭ | ২৪৬ | ৪১০ | ৪১০ |
| | | [২.২] ফিল্ম আর্কাইভিং বিষয়ক সেমিনার | [২.২.১] ফিল্ম আর্কাইভিং বিষয়ক সেমিনার | সমষ্টি | সংখ্যা | ১০ | ১০ | ১১ | ৮ | ৭ | ৬ | ৫ | ৪ | ৮ | ৮ |
| | | [২.৩] আর্কাইভিং বিষয়ক লাইব্রেরি সেবা প্রদান | [২.৩.১] আর্কাইভিং বিষয়ক লাইব্রেরি সেবা প্রদান | সমষ্টি | সংখ্যা | ৫ | ৬০০ | ৬০০ | ৬০০ | ৫৪০ | ৪৮০ | ৪২০ | ৩৬০ | ৬০০ | ৬০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৩] চলচ্চিত্র বিষয়ক গবেষণা ও গ্রন্থপ্রকাশ। | ১৫ | [৩.১] ফিল্ম ও ফিল্ম আর্কাইভিং সংক্রান্ত গবেষণা | [৩.১.১] ফিল্ম ও ফিল্ম আর্কাইভিং সংক্রান্ত গবেষণা | সমষ্টি | সংখ্যা | ৫ | ৯ | ১০ | ৮ | ৭ | ৬ | ৫ | ৪ | ৮ | ৮ |
| | | [৩.২] ফিল্ম ও আর্কাইর্ভিং গ্রন্থ প্রকাশ (গ্রন্থ-৫, জার্নাল-১) | [৩.২.১] ফিল্ম ও আর্কাইর্ভিং গ্রন্থ প্রকাশ | সমষ্টি | সংখ্যা | ১০ | ৭ | ৬ | ৬ | ৪ | ৪ | ৩ | ৩ | ৬ | ৬ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় হিসাবে মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

২৫-০৬-২০২৩

মহাপরিচালক
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ

তারিখ

মোঃ জসীম উদ্দিন
মহাপরিচালক
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২৫/০৬/২০২৩

সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

তারিখ

মোঃ হুমায়ুন কবীর খোন্দকার
সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | ফিয়াফ | ফেডারেশন অব ইন্টারন্যাশনাল ফিল্ম আর্কাইভস |
| ২ | বিএফএ | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] চলচ্চিত্র সংগ্রহ ও সংরক্ষণ | [১.১.১] চলচ্চিত্র সংরক্ষণ | ফিল্ম শাখা, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ | চলচ্চিত্র সংরক্ষণের তালিকা |
| [১.২] চলচ্চিত্র প্রদর্শনী | [১.২.১] চলচ্চিত্র প্রদর্শনী | ফিল্ম শাখা, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ | চলচ্চিত্র প্রদর্শনী ও উৎসব আয়োজন সংক্রান্ত অফিস আদেশ, চলচ্চিত্রের তালিকা |
| [১.৩] এনালগ ফরমেটের চলচ্চিত্র থেকে ডিজিটাল ফরমেটে রূপান্তর | [১.৩.১] এনালগ ফরমেটের চলচ্চিত্র থেকে ডিজিটাল ফরমেটে রূপান্তর | কারিগরি শাখা, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ | বিশেষ চলচ্চিত্র, সংবাদ চিত্র ও প্রামান্যচিত্র সংগ্রহ ও ডিজিটাল ফরমেটে রূপান্তরের তালিকা |
| [১.৪] বিশিষ্ট/চলচ্চিত্র ব্যক্তিত্বদের সাক্ষাৎকার/জীবনী ভিত্তিক ডকুমেন্টেশন তৈরি | [১.৪.১] বিশিষ্ট/চলচ্চিত্র ব্যক্তিত্বদের সাক্ষাৎকার/জীবনী ভিত্তিক ডকুমেন্টেশন তৈরি | কারিগরি শাখা, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ | বিশিষ্ট চলচ্চিত্র ব্যক্তিত্বদের জীবনী ভিত্তিক ডকুমেন্টেশন তৈরী সংক্রান্ত অফিস আদেশ, বিশিষ্ট/চলচ্চিত্র ব্যক্তিত্বদের তালিকা |
| [২.১] ফিল্ম আর্কাইভের লাইব্রেরি সমৃদ্ধকরণ (গ্রন্থ-৩৫০, সাময়িকী-২০, পোস্টার-২০, ফটোসেট/স্ক্রিপ্ট-২০) | [২.১.১] ফিল্ম আর্কাইভের লাইব্রেরি সমৃদ্ধকরণ | লাইব্রেরি শাখা, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ | ফিল্ম আর্কাইভের লাইব্রেরিতে বিভিন্ন উপাদান সংগ্রহের তালিকা |
| [২.২] ফিল্ম আর্কাইভিং বিষয়ক সেমিনার | [২.২.১] ফিল্ম আর্কাইভিং বিষয়ক সেমিনার | লাইব্রেরি শাখা, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ | সেমিনার পেপার, উপস্থিতির তালিকা, এ সংক্রান্ত অফিস আদেশ |
| [২.৩] আর্কাইভিং বিষয়ক লাইব্রেরি সেবা প্রদান | [২.৩.১] আর্কাইভিং বিষয়ক লাইব্রেরি সেবা প্রদান | লাইব্রেরি শাখা, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ | আর্কাইভিং বিষয়ক লাইব্রেরি সেবা গ্রহণকারীর নামের তালিকা |
| [৩.১] ফিল্ম ও ফিল্ম আর্কাইভিং সংক্রান্ত গবেষণা | [৩.১.১] ফিল্ম ও ফিল্ম আর্কাইভিং সংক্রান্ত গবেষণা | লাইব্রেরি শাখা, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ | ফিল্ম ও আর্কাইভিং সংক্রান্ত গবেষণার অনুমোদনের কপি, অফিস আদেশ |
| [৩.২] ফিল্ম ও আর্কাইর্ভিং গ্রন্থ প্রকাশ (গ্রন্থ-৫, জার্নাল-১) | [৩.২.১] ফিল্ম ও আর্কাইর্ভিং গ্রন্থ প্রকাশ | লাইব্রেরি শাখা, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ | ফিল্ম ও আর্কাইভিং সংক্রান্ত প্রকাশিত গ্রন্থের তালিকা |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|

# সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ